# খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

খুলনা-৯২০৩

## যানবাহন ব্যবহার সংক্রান্ত নীতিমালা

(১১/০৬/১৩ইং তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভায় সংশোধিত)

গত ১১/০৬/১৩ইং তারিখ রোজ মঙ্গলবার বিকাল ৩-০০ ঘটিকার সময় বিশ্ববিদ্যালয়ের সম্মেলন কক্ষে অত্র বিশ্ববিদ্যালয়ের ডীন, পরিচালক (আইআইসিটি), সকল বিভাগীয় প্রধান, পরিচালকগণ, চেয়ারম্যানগণ, প্রভোষ্টবৃন্দ ও শাখা প্রধানগণের সমন্বয়ে এক সভা ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় যানবাহন ব্যবহার সংক্রান্ত নীতিমালা নিম্নরূপভাবে অনুমোদন করা হয়।

১। নিম্নোক্ত ক্ষেত্রে অত্র বিশ্ববিদ্যালয়ের যানবাহন প্রাপ্যতা সাপেক্ষে ব্যবহার করা যাবে।

ক) অত্র বিশ্ববিদ্যালয়ের ডীনগণ, ইনষ্টিটিউট পরিচালকগণ, বিভাগীয় প্রধানগণ, প্রভোষ্টগণ, পরিচালকবৃন্দ, চেয়ারম্যান ও শাখা প্রধানগণ শুধুমাত্র একাডেমিক ও প্রশাসনিক কাজে ব্যবহারের জন্য প্রাতিষ্ঠানিক রিকুইজিশান দিতে পারবেন।

খ) অত্র বিশ্ববিদ্যালয়ের হল প্রভোষ্টগণ সংশ্লিষ্ট হলের প্রশাসনিক কাজে (নবীন বরণ, বিদায় অনুষ্ঠান ও বার্ষিক প্রীতিভোজ) প্রাতিষ্ঠানিক রিকুইজিশান দিতে পারবেন। এতদ্ব্যতীত হলের অন্যান্য কাজের জন্য ব্যক্তিগত রিকুইজিশান দিতে হবে।

গ) অত্র বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষক ও কর্মকর্তাগণ ব্যক্তিগত কাজে ব্যবহারের জন্য রিকুইজিশান দিতে পারবেন।

ঘ) 'গ' তে উল্লেখিত ব্যক্তিবর্গ বিশ্ববিদ্যালয়ের স্বার্থ সংশ্লিষ্ট বিষয়ে প্রাতিষ্ঠানিক রিকুইজিশানও দিতে পারবেন। তবে সেক্ষেত্রে 'ক' এ উল্লেখিত ব্যক্তিবর্গ কর্তৃক প্রতিস্বাক্ষরিত হতে হবে।

ঙ) অত্র বিশ্ববিদ্যালয়ের নিয়মিত কর্মচারীবৃন্দ শুধুমাত্র খুলনা শহর এলাকায় বিশেষ কারণে শুধুমাত্র নিজের বা নিজ পরিবারের (স্ত্রী/স্বামী, সন্তান, বাবা,মা, পোষ্য ভাই/বোন) কাহারও বিবাহ, মৃত্যু বা অসুস্থতাজনিত কারণে চেয়ারম্যান, যানবাহন -এর অনুমোদন সাপেক্ষে ব্যক্তিগত রিকুইজিশান দিতে পারবেন।

চ) ব্যক্তিগত রিকুইজিশানের মাধ্যমে যানবাহন নিয়ে অন্য কোন ব্যক্তিকে (নিজ পরিবারের সদস্য ব্যতীত) তা ব্যবহার করতে দেয়া যাবে না। এ নিয়মের কোন ব্যত্যয় ঘটলে রিকুইজিশানকারী পরবর্তী ৬ (ছয়) মাসের মধ্যে কোন গাড়ীর রিকুইজিশান দিতে পারবে না।

ছ) যানবাহন প্রাপ্তির ক্ষেত্রে ''আগে আসলে আগে পাবে'' - এ ভিত্তিতে বরাদ্দ দেয়া হবে। তবে প্রাতিষ্ঠানিক কাজে যানবাহন ব্যবহার অগ্রাধিকার পাবে।

২। রিকুইজিশান এরিয়াঃ

ক) খুলনা শহরঃ ফুলতলা থেকে রুপসা সেতু/খুলনা বিশ্ববিদ্যালয়/বাইপাস পর্যন্ত এবং বিশেষ বিবেচনায় নওয়াপাড়া রেল ষ্টেশন।

খ) খুলনা শহরের বাইরেঃ উপরোল্লিখিত এরিয়া ব্যতীত অন্য স্থান, কাওড়াকান্দি ফেরীঘাট, দৌলতদিয়া ফেরিঘাট ও লালনশাহ ব্রীজ পর্যন্ত।

৩। খুলনা শহরের রিকুইজিশান যানবাহন কর্মকর্তা কর্তৃক এবং খুলনা শহরের বাইরের রিকুইজিশান অত্র বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর কর্তৃক নিয়ন্ত্রিত হবে।

৪। ক) খুলনা শহর এলাকার মধ্যে শিক্ষক ও প্রথম শ্রেনী কর্মকর্তা মাসে সর্বোচ্চ ৬ (ছয়) বার এবং ২য় শ্রেনী কর্মকর্তা মাসে ২ (দুই) বার ব্যক্তিগত রিকুইজিশান দিতে পারবেন। তবে চিকিৎসার প্রয়োজনে তা শিথিলযোগ্য। উল্লেখ্য যে, স্বামী-স্ত্রী উভয়ে যদি '১(গ)' ব্যক্তিবর্গের অর্ন্তভুক্ত হন সেক্ষেত্রে উভয়ের জন্য একক হিসাবে রিকুইজিশানের সংখ্যা অপরিবর্তিত থাকবে।

খ) শিক্ষক ও কর্মকর্তাগণ শুধুমাত্র প্রয়োজনে বছরে ১ (এক) বার খুলনা শহরের বাইরে ২(খ)- নির্ধারিত সীমানার মধ্যে, ব্যক্তিগত রিকুইজিশান দিতে পারবেন।

৫। অত্র বিশ্ববিদ্যালয়ের শিক্ষক/কর্মকর্তাগণ একাডেমিক বা সরকারী কাজে (যেমন, বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের প্রশ্নপত্র মডারেশন/ACPG/ACUG/ সিলেকশন কমিটি ইত্যাদি) যাতায়াত কালে অনেক সময় যানবাহন ব্যবহার করে থাকেন। উক্ত কাজে অত্র বিশ্ববিদ্যালয়ের যানবাহন ব্যবহার ব্যক্তিগত রিকুইজিশন বলে গণ্য হবে। উক্ত রিকুইজিশান মাসে সর্বোচ্চ ৬ (ছয়) বারের শর্তের বাইরে থাকবে।

৬। পেশাগত সংগঠন/শিক্ষক সমিতি/কর্মকর্তা সমিতি, বার্ষিক সাধারণ সভায় অংশ গ্রহণ, সংগঠনের সাধারন নির্বাচনে ভোট প্রদান এর জন্য খুলনা শহর এলাকায় এবং বার্ষিক বনভোজনে খুলনা শহর/খুলনা শহরের বাইরে ও কর্মচারী সমিতি শুধুমাত্র বনভোজনের জন্য খুলনা শহর/ খুলনা শহরের বাইরে এবং বার্ষিক সাধারণ সভার কাজে খুলনা শহর এলাকায় সভাপতি বা সাধারণ সম্পাদক কর্তৃক প্রাতিষ্ঠানিক রিকুইজিশান দিতে পারবেন।

৭। ব্যক্তিগত কাজে যানবাহন ব্যবহারের জন্য নিম্নের ছক অনুযায়ী চার্জ প্রদান করতে হবে।

### কার, মাইক্রোবাস ও বাস

| ভ্রমনের বিবরন | ভ্রমন সময় | ভাড়ার হার টাকা/কিঃমিঃ | | | হল্টেজ চার্জ টাকা/ঘন্টা | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | কার | মাইক্রো | বাস | কার | মাইক্রো | বাস |
| খুলনা শহর (খুলনা বিশ্ববিদ্যালয়/রুপসা সেতু) নওয়াপাড়া পর্যন্ত। | সকাল ৬ টা - রাত ১০ টা (৩ ঘন্টা পর্যন্ত) | ৫.০০ | ৫.৫০ | ১৩.০০ | ১০.০০ | ১০.০০ | ১৮.০০ |
| | সকাল ৬ টা - রাত ১০ টা (৩ ঘন্টার বেশি) | ৭.০০ | ৭.৫০ | ১৩.০০ | ১৫.০০ | ১৫.০০ | ১৮.০০ |
| | রাত ১০টা - সকাল ৬ টা | ৭.০০ | ৭.৫০ | ১৪.০০ | ১৫.০০ | ১৫.০০ | ২০.০০ |
| খুলনা শহর ও নওয়াপাড়ার বাইরে (বিশেষ অনুমতিতে) | সকাল ৬টা - রাত ১০টা | ১২.০০ | ১২.০০ | ২০.০০ | ২০.০০ | ২০.০০ | ২৫.০০ |
| | রাত ১০ টা - সকাল ৬ টা | ১২.০০ | ১২.০০ | ২০.০০ | ২০.০০ | ২০.০০ | ২৫.০০ |

৮। যানবাহন ব্যবহারের জন্য নুন্যতম হল্টেজ চার্জ ১ (এক) ঘন্টা হবে।

৯। সকল প্রকার রিকুইজিশান (প্রাতিষ্ঠানিক ও ব্যক্তিগত) যানবাহন ব্যবহারের কমপক্ষে ১২ (বার) ঘন্টা আগে অফিস চলাকালীন সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে। তবে বিশেষ জরুরীক্ষেত্রে এই নিয়ম শিথিলযোগ্য হলেও অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতি নিতে হবে।

১০। সর্বোচ্চ ৫ (পাঁচ) দিন পূর্বে অগ্রিম বুকিং বা রিকুইজিশান দেয়া যাবে। পূর্বের নেয়া কোন রিকুইজিশান বাতিল করতে হলে কমপক্ষে ৬ ঘন্টা পূর্বে যানবাহন কর্মকর্তাকে অবহিত করতে হবে।

১১। সাধারনতঃ সকল ক্ষেত্রে খুলনা শহর এলাকার মধ্যে যানবাহন রিকুইজিশানের জন্য (প্রতিষ্ঠানিক ও ব্যক্তিগত) মোট সর্বোচ্চ ৪ (চার) ঘন্টার মধ্যে সীমাবদ্ধ রাখতে হবে।

১২। রিকুইজিশানকারীকে রিকুইজিশানে উল্লেখিত সময়ের মধ্যে অবশ্যই যানবাহন ছেড়ে দিতে হবে। তবে কোন বিশেষ কারনে বিলম্ব ঘটলে তা অবশ্যই সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে তাৎক্ষনিকভাবে জানিয়ে অনুমতি নিতে হবে।

১৩। জরুরী চিকিৎসা ও প্রাতিষ্ঠানিক কাজে ব্যবহারের জন্য প্রয়োজনবোধে কর্তৃপক্ষ ব্যক্তিগত রিকুইজিশান বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

১৪। প্রাতিষ্ঠানিক/ব্যক্তিগতভাবে যানবাহন ব্যবহার শেষে রিকুইজিশানকারী অবশ্যই নিজ দায়িত্বে ভ্রমনের মোট কিলোমিটার দেখে লগ বইতে স্বাক্ষর করবেন। লগবই স্বাক্ষর করার পর প্রস্তুতকৃত বিল সম্বন্ধে কোন প্রকার আপত্তি গ্রহনযোগ্য হবে না। রিকুইজিশানকারীকে নিজ হস্তে স্বাক্ষর করতে হবে।

১৫। যানবাহন রিকুইজিশানের ফরম যথাযথভাবে পুরণ করে আবেদনকারীর পক্ষ থেকে যানবাহন শাখায় জমা দিতে হবে। তবে ভবিষ্যতে তা অনলাইনে সম্পন্ন করার ব্যবস্থা নেয়া হবে।

১৬। ড্রাইভারের বিশ্রাম বা অন্যান্য কারনে একটি রিকুইজিশান থেকে পরবর্তী আরেকটি রিকুইজিশানের মাঝে কমপক্ষে ৩০ (ত্রিশ) মিনিট বিরতি রাখতে হবে।

১৭। নিয়ন্ত্রনকারীর স্বাক্ষর গ্রহণ করার দায়িত্ব যানবাহন শাখা কর্তৃক পালিত হবে। আবেদনকারী বা তার পক্ষ থেকে কারও এ বিষয়ে নিয়ন্ত্রনকারীর কাছে আসার প্রয়োজন নেই। রিকুইজিশান অনুমোদিত হয়েছে কিনা তা পরবর্তীতে আবেদনকারী নিজ দায়িত্বে যানবাহন শাখা থেকে জেনে নিবেন।

১৮। যে কোন বিষয়ে বিশ্ববিদ্যালয়ের স্বার্থে ভাইস-চ্যান্সেলর মহোদয় যানবাহন সংক্রান্ত বিষয়ে সিদ্ধান্ত নিতে পারবেন।

এই নীতিমালা আগামী ০১/০৭/২০১৩ইং তারিখ হতে কার্যকর হবে।

১৭/৬/১৩ ইং
(জি এম শহিদুল আলম)
রেজিস্ট্রার (চলতি দায়িত্ব)
খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

স্মারক নং-খুপ্রবি/২৪২৮(৪০) তারিখঃ ১৭/০৬/১৩ইং

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১। সকল ডীন, অত্র বিশ্ববিদ্যালয়।
২। পরিচালক, আইআইসিটি, অত্র বিশ্ববিদ্যালয়।
৩। সকল বিভাগীয় প্রধান, অত্র বিশ্ববিদ্যালয়।
৪। সকল পরিচালক, অত্র বিশ্ববিদ্যালয়।
৫। চেয়ারম্যান, যানবাহন কমিটি, অত্র বিশ্ববিদ্যালয়।
৬। সকল হল প্রভোষ্ট, অত্র বিশ্ববিদ্যালয়।
৭। সকল শাখা প্রধান, অত্র বিশ্ববিদ্যালয়।
৮। সকল নোটিশ বোর্ড, অত্র বিশ্ববিদ্যালয়।
৯। সংরক্ষণ নথি।

১৭/০৬/১৩
(মোঃ মনিরুজ্জামান)
সেকশন অফিসার